তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক

তারিখ 23 FEB 1989 পৃষ্ঠা ... কলাম ...

মিরপুর কলেজ প্রসঙ্গে

ঢাকার মিরপুর কলেজ অত্র এলাকার ডিগ্রী পর্যায়ে একমাত্র বে-সরকারী কলেজ। সরকার এলাকাবাসীর উচ্চ শিক্ষার কথা বিবেচনা করিয়া মিরপুরের কেন্দ্র-স্থল ২ নং সেকশনে ৪ বিঘা জমি কলেজ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিয়াছেন। মিরপুরের প্রধান সড়ক সংলগ্ন উপযুক্ত স্থানে কলেজটি স্থানান্তরের ফলে এলাকায় নতুন উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হইয়াছে। বর্তমানে এই কলেজটি নানাবিধ সমস্যায় জর্জরিত। সরকারের বরাদ্দকৃত জমিতে এখন কলেজ কর্তৃপক্ষ কোনরকমে বেড়ার ঘর নির্মাণ করিয়া কলেজের কাজ চালাতেছে। সরকারী সাহায্য ছাড়া একটি ডিগ্রী পর্যায়ের কলেজকে পূর্ণাঙ্গরূপে গড়িয়া তোলা কলেজ কর্তৃপক্ষের পক্ষে প্রায় অসম্ভব। কলেজে উপযুক্ত শ্রেণীকক্ষের অভাব, অভাব প্রয়োজনীয় আসবাবপত্রের, ল্যাবরেটরীর যন্ত্রপাতির ও বই-পুস্তকের। ইহাছাড়াও এখানে ছাত্র-ছাত্রীদের কমনরুম না থাকায় তাহাদের অবসর সময় কাটানো কষ্টকর। আমাদের বিশ্বাস কর্তৃপক্ষ একটু নজর দিলেই কলেজটি প্রতিকূলতা কাটাইয়া উঠিতে পারিবে।

—আব্দুর রহমান, ৮০, বড়বাগ সেনপাড়া পর্বতা, মিরপুর, ঢাকা।